

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ
(ভূমি অধিগ্রহণ শাখা)
[ধারা ৪ এর (১) নং উপ-ধারা দ্রষ্টব্য]
এল.এ কেস নং: ০৭/২০২২-২৩

জারির নং : ১৮৩

তারিখ ০৪ - ৩০ ২০২৩ খ্রি.

নোটিশ

- প্রাপক : ০১। নোটিশ বোর্ড, জেলা প্রশাসকের কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ
০২। নোটিশ বোর্ড, উপজেলা নিবাহী অফিসারের কার্যালয়, শিবগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ
০৩। নোটিশ বোর্ড, উপজেলা ভূমি অফিস, শিবগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ
০৪। নোটিশ বোর্ড, শিবগঞ্জ পৌরসভা, চাঁপাইনবাবগঞ্জ
০৫। নোটিশ বোর্ড, ইউনিয়ন ভূমি অফিস কানসাট, চাঁপাইনবাবগঞ্জ
০৬। নোটিশ বোর্ড, ইউনিয়ন ভূমি অফিস শ্যামপুর, চাঁপাইনবাবগঞ্জ
০৭। মৌজার প্রকাশ্য স্থানে জারি

যেহেতু নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি, “জেলার শিবগঞ্জ উপজেলার হাজার বিঘী ভিলেজ ভায়া পুকুরিয়া ঘাট রাস্তায় ৯৮.১০ মিটার ব্রীজ নির্মাণ শীর্ষক প্রকল্পের আওতায় চাঁপাইনবাবগঞ্জ জেলার শিবগঞ্জ উপজেলাধীন হাজার বিঘী ভিলেজ ভায়া পুকুরিয়া ঘাট রাস্তায় মিটার ব্রীজ নির্মাণের জন্য জনপ্রয়োজন ও জনকল্যাণমূলক উদ্দেশ্যে প্রয়োজন, সেহেতু এফ্রণে স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল আইন, ২০১৭ (২০১৭ সনের ২১ নং আইন) এর ৪ ধারার অধীনে এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য নোটিশ জারী করা হইল যে, বর্ণিত সম্পত্তি সরকার কর্তৃক অধিগ্রহণের জন্য প্রস্তাব করা হইয়াছে।

উক্ত সম্পত্তিতে স্বার্থবান যে কোন ব্যক্তি এই নোটিশ জারির পরবর্তী ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে প্রস্তাবিত সম্পত্তি অধিগ্রহণের বিরুদ্ধে নিম্নস্বাক্ষরকারীর নিকট আপত্তি (যদি থাকে) দায়ের করিতে পারিবেন।

.....০৯/১০/২০২৬.....(স্বাক্ষর: ১০.০০.৫৫৫৫) তারিখে বা তারিখ হইতে তফসিল বর্ণিত সম্পত্তির যৌথ তদন্ত হইবে। যৌথ তদন্তকালে উক্ত সম্পত্তির মালিক বা স্বার্থ সংশ্লিষ্ট ব্যক্তিকে উপস্থিত থাকিবার জন্য অনুরোধ করা হইলো।

তফসিল

জেলা: চাঁপাইনবাবগঞ্জ		উপজেলা: শিবগঞ্জ		মৌজা: পুকুরিয়া		জেএল নং: ১৫৭	
ক্রমিক নং	আরএস খতিয়ান নং	আরএস দাগ নং	রেকর্ডীয় শ্রেণি	দাগে মোট জমির পরিমাণ (একর)	অধিগ্রহণের জন্য প্রস্তাবিত জমির পরিমাণ (একর)		
১	১৯০	৩৮০	ভিটা	০.৩১০০	০.০৩২৬		
২	১৯০	৩৮১	আমবাগান	১.০৩০০	০.১১২৫		
৩	১৫৪	৩৮৬	আমবাগান	১.৩২০০	০.১৮৫০		
৪	১৮৭	৩৮৩	ভিটা	০.৪৬০০	০.০৬৩০		
৫	৫৯	৩৮৪	বীশবাড়	০.১৮০০	০.১০০০		
৬	২৩৯/১	২৬৮	ভিটা	০.২৬০০	০.০১০০		
৭	১৯০	৩৭২	আমবাগান	০.৯৭০০	০.০৩৮৩		
৮	৮০	২৬৯	ভিটা	০.২৮০০	০.০২২৯		
৯	১৫২	৩৯	লায়েক পতিত	০.০২০০	০.০১০০		

মোট = ০.৫৭৪৩ একর

জেলা: চাঁপাইনবাবগঞ্জ		উপজেলা: শিবগঞ্জ		মৌজা: পূর্ব শ্যামপুর		জেএল নং: ৮৮	
ক্রমিক নং	আরএস খতিয়ান নং	আরএস দাগ নং	রেকর্ডীয় শ্রেণি	দাগে মোট জমির পরিমাণ (একর)	অধিগ্রহণের জন্য প্রস্তাবিত জমির পরিমাণ (একর)		
১	২৫৬	২০২৬	ডাঙ্গা	১.৮৭০০	০.১৩৫৬		
২	৪৬৪	২০২৮	ডাঙ্গা	০.৮৪০০	০.১১৪৪		

মোট = ০.২৫০০ একর


সর্বমোট জমি = ০.৫৭৪৩ + ০.২৫০০ = ০.৮২৪৩ একর

অধিগ্রহণকৃত জমির ভূমি মালিক/স্বার্থ সংশ্লিষ্ট ব্যক্তিগণের জন্য জ্ঞাতব্য :

- উল্লিখিত জমির বাস্তব অবস্থা, স্থাপনা, অবকাঠামো ইত্যাদির ভিডিও/ সরেজমিন তদন্ত করে মালিকানা/ দখল তথ্য সম্বলিত যৌথ তদন্ত বহি প্রস্তুত করা হইবে। নির্ধারিত সময়ে উক্ত তদন্তকালে স্বয়ং বা ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধি মারফত কাগজপত্র ও দলিলাদিসহ (সার্টিফাইড/মূলকপি) উপস্থিত থাকুন এবং সঠিক তথ্য প্রদান করুন।
- প্রাপ্ত তথ্যের ভিত্তিতে যৌথ তদন্ত তালিকা প্রস্তুতপূর্বক উহা প্রস্তাবিত অধিগ্রহণ এলাকার সুবিধাজনক স্থানে এবং নিকটস্থ ভূমি অফিসে লটকাইয়া দেওয়া হইবে। উহা দেখিয়া আপনি আপত্তি দিতে পারিবেন। আপনার নামে রেকর্ড হালনাগাদ/ নামজারী না হইয়া থাকিলে, অবিলম্বে হালকরণপূর্বক বকেয়া ভূমি উন্নয়ন কর পরিশোধ করিয়া দাখিলা/মওকফ দাখিল সংগ্রহ করুন। ইহা ক্ষতিপূরণ প্রাপ্তির স্বপক্ষে আপনার মালিকানা প্রমাণে সহায়ক হইবে।

- ৩। অবৈধভাবে লাভবান হওয়ার উদ্দেশ্যে জমির শ্রেণি পরিবর্তন, অবকাঠামো নির্মাণ করিবেন না। এরূপ পরিবর্তন বা অবকাঠামো পরিবর্তন লিপিবদ্ধ করা হইবে না এবং আপনি ইহার জন্য কোন ক্ষতিপূরণ প্রাপ্য হইবেন না।
- ৪। সকল ক্ষেত্রে নিজে বা ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির মাধ্যমে সরাসরি আবেদন করুন। ক্ষমতাপ্রদানের জন্য নির্ধারিত ফরম ব্যবহার করুন। অনলাইনে আবেদন, ফরম ও পদ্ধতি জানার জন্য এ কার্যালয়ের ওয়েব সাইট www.chapainawabganj.gov.bd ভিজিট করুন।

জেলা প্রশাসকের ঐর পক্ষে



(মোঃ আশিকুর রহমান)

ভূমি অধিগ্রহণ কর্মকর্তা

চাঁপাইনবাবগঞ্জ।